

মাদরাসা বোর্ডের চেয়ারম্যান

প্রতিটি গ্রামে ইবতেদায়ি মাদরাসা গড়ে তোলা হবে

ফেনী প্রতিনিধি



শনিবার সকালে ফেনীর ফালাহীয়া কামিল মাদরাসা মাঠে বক্তব্য দেন মাদরাসা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মি. এস. মো. নুরুল হক। ছবি : কালের কঞ্চ

প্রতিটি গ্রামে একটি করে ইবতেদায়ি মাদরাসা গড়ে তোলা হবে

বলে জানিয়েছেন মাদরাসা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মি. এস.

মো. নুরুল হক। তিনি বলেছেন, আমরা মাদরাসা শিক্ষাব্যবস্থা

সম্প্রসারণ করব। এজন্য ইতোমধ্যে বিভিন্ন পদক্ষেপ নিয়েছি।

শনিবার (১১ সেপ্টেম্বর) সকালে ফেনীর ফালাহীয়া কামিল

মাদরাসা মাঠে মাদরাসার বার্ষিক পুরক্ষার বিতরণী অনুষ্ঠানে প্রধান

অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান।

প্রফেসর মি. এস. মো. নুরুল হক বলেন, মাদরাসা থেকে আদর্শ

নাগরিক তৈরি হবে। বিজ্ঞ আলেম ও ফকিহ তৈরি হবে, যারা

জাতিকে সঠিক পথ দেখাবে। তারা জাগতিক যোগ্যতা অর্জনের

পাশাপাশি দেশ ও জাতির উন্নয়নে ভূমিকা রাখবে। একই সঙ্গে
পরকালের জবাবদিহিতার কথাও স্মরণ রাখবে।

৫



বাগেরহাটে মাদরাসাপড়ুয়া ২ ছাত্র নিখোঁজ

মাদরাসা বোর্ডের চেয়ারম্যান বলেন, আমরা দেশের বাইরেও
মাদরাসা প্রতিষ্ঠা করব। ওখানে পরীক্ষা কেন্দ্র থাকবে। পিটিআইর
(প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনসিটিউট) আদলে ইবতেদায়ী হবে।
কারণ, প্রশিক্ষণের কোনো বিকল্প নেই।

তিনি আরও বলেন, ফ্যাসিস্ট সরকার মাদরাসা শিক্ষাকে সংকুচিত
করতে চেয়েছিল। এমনকি তারা ইবতেদায়ী মাদরাসা বন্ধ করার
চেষ্টা করেছিল। কারণ, এখানে সৎ, দক্ষ ও যোগ্য আমানতদার
একদল মানুষ তৈরি হয়। ফ্যাসিস্ট সরকার আলেম-ওলামাদের
ওপর যে জুলুম-নির্যাতন চালিয়েছে, তা পৃথিবীর ইতিহাসে বিরল।

অধ্যক্ষ মাওলানা ফারুক আহমাদের সভাপতিত্বে ও উপাধ্যক্ষ
মাওলানা মাহমুদুল হকের সঞ্চালনায় এতে বিশেষ অতিথি ছিলেন
আঞ্জুমানে ফালাহিল মুসলিমুনের সেক্রেটারি অধ্যাপক আবু
ইউসুফ।

